



রাজনৈতিক মামলায় আরও ১২০২টি প্রত্যাহারের অনুমোদন: স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

গত ১৭ বছরে রাজনৈতিক কারণে দায়ের হওয়া আরও ১২০২টি মামলা প্রত্যাহারের অনুমোদন দেওয়া হয়েছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। তিনি জানান, দায়িত্ব গ্রহণের পর এর আগে ১০০৬টি মামলার অনুমোদন দেওয়া হয়েছিল।

মঙ্গলবার (২৪ ফেব্রুয়ারি) সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি বলেন, আগের অন্তর্বর্তী সরকারের সময় রাজনৈতিক উদ্দেশ্যে করা যেসব হয়রানিমূলক ও বানোয়াট মামলা চিহ্নিত করা হয়েছিল, সেগুলো পর্যালোচনা করে সিদ্ধান্ত নেওয়া হচ্ছে। এসব মামলায় রাজনৈতিক কর্মী, বিভিন্ন পেশাজীবী এবং সাংবাদিকদেরও আসামি করা হয়েছিল। তবে খুন, বিস্ফোরক, অস্ত্র, মাদক এবং নারী ও শিশু নির্যাতনসংক্রান্ত মামলাগুলো এই প্রক্রিয়ার বাইরে রাখা হয়েছে বলে জানান মন্ত্রী। বাকি মামলাগুলো যাচাই-বাছাই করে প্রত্যাহারের উদ্যোগ নেওয়া হচ্ছে।

স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, তার বিরুদ্ধেও একাধিক খুন, বিস্ফোরক ও অস্ত্রের মামলা রয়েছে, যা রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত বলে তিনি দাবি করেন। এ ধরনের মামলা পুনরায় খতিয়ে দেখে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার কথা জানান তিনি। একই সঙ্গে যাতে এই প্রক্রিয়ার অপব্যবহার না হয়, সে জন্য একটি যাচাই কমিটি গঠনের বিষয়েও ভাবা হচ্ছে।

৫ আগস্টের পর দায়ের হওয়া কিছু মামলার ক্ষেত্রেও শত্রুতাবশত ও হয়রানির উদ্দেশ্যে আসামি করার অভিযোগ এসেছে বলে উল্লেখ করেন তিনি। এসব অভিযোগ খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে বলে জানান স্বরাষ্ট্রমন্ত্রী, যাতে আইনের শাসন নিশ্চিত করা যায়।